

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে  
চতুর্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী (এপ্রিল-জুন, ২০২২)

সভাপতি	মোঃ আবুল বাসার সিদ্দিক আকন পরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	২১.০৬.২০২২
সভার সময়	দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	বিএমডির সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা আজিজুল হক, সহকারী পরিচালক (ভূ-রসায়ন) আলোচ্যসূচি অনুযায়ী সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোকপাত করেন। তিনি জানান বিএমডির সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার লক্ষ্যমাত্র রয়েছে। ইতোমধ্যে ১ম, ২য়, ও ৩য় কোয়ার্টারে সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। ৪র্থ ত্রৈমাসিকে বিএমডির সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া সিটিজেন চার্টার অনুযায়ী সেবাপ্রত্যাশীদেরকে সেবা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.নং	কার্যক্রম/আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	১.১ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন	সভাপতির নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়;	ফোকাল পয়েন্ট কর্মকর্তা/আইসিটি কর্মকর্তা
	১.২ সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সম্পন্ন করা হয়।

*Handwritten signature*

মোঃ আবুল বাসার সিদ্দিক আকন  
পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.০২.২৪৪

তারিখ: ৮ আষাঢ় ১৪২৯  
২২ জুন ২০২২

বিতরণ : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৩) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৪) পি.এ টু মহাপরিচালক/পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা; ,
- ৫) অফিস কপি।

*Handwritten signature*

আজিজুল হক  
সহকারী পরিচালক (ভূ-রসায়ন)